

২০২২

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকট্রিভ (DSE)
 (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্র্গ্রন্ম)
 ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-3

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রাচ্ছস্ত সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা
 বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘আমাদের বাসার উপর তলায় সর্বশুল্ক পাঁচটি ঘর ছিল,
 প্রত্যেকটিতে একজন করিয়া ভদ্রলোক থাকিতেন।’
 — উপর তলার যে কোনো একজন ভদ্রলোকের নাম,
 বাসস্থান, কর্মসূল ও মাস-মাহিনার পরিমাণ উল্লেখ করো।
- খ) ‘... পরদিন সকালে পাম এভিনিউ থেকে যে ফোনটা এলো,
 তাতে সমস্ত ব্যাপারটা একটা অন্য চেহারা নিল।— কত
 নম্বর পাম এভিনিউ থেকে ফোনটা এসেছিল? কাকে ফোন
 করা হয়েছিল? ফোনে কোন্ খবর এসেছিল?

(পরের পাতায়)

- গ) ‘আমেরিকার দু'জন বিখ্যাত প্রেসিডেন্ট খুন হয়েছিল জানিস
 তো?’— কোন্ দুই প্রেসিডেন্টের কথা বলা হয়েছে? খুনের
 স্থান-কালগত কোনো মিল ছিল কি?
- ঘ) পদিপিসির বর্মি বাঙ্গা কী দিয়ে তৈরি? বাঙ্গাটির রঙ কী
 ছিল? বাঙ্গের উপর কীসের নস্বা আঁকা ছিল?
- ঙ) ‘পরশুরাম ফিরিয়া সেই দারুণ সংবাদ শুনিবা মাত্র ক্রোধে
 অধীর হইয়া প্রতিজ্ঞা করিলেন যে ...’— কোন্ সংবাদ
 শুনেছিলেন পরশুরাম? তাতে কোন্ পদক্ষেপ গ্রহণ
 করেছিলেন তিনি?
- চ) অশ্বমেধ যজ্ঞের ঘোড়া খুঁজতে গিয়ে অংশমান মাটির নীচে
 চারদিকে চার হাতির দেখা পেয়েছিলেন— চারদিকের
 চার হাতির নাম উল্লেখ করো।
- ছ) ‘রাজা আপনার কোমরে, ছেটারাণীর কোমরে এক সোনার
 শিকল বাঁধিয়া দিয়া বলিলেন,...’— কোন্ গঙ্গের রাজা?
 কী বলেছিলেন তিনি?
- জ) একসময় সূর্যবংশের নাম হয়েছিল ককুৎস্ত বংশ— কোন্
 ঘটনার ফলে সূর্যবংশের এই নতুন নাম হয়েছিল?
- ঝ) ‘খোকা কিছুক্ষণ আমার দিকে চেয়ে বলল, ‘সিঙ্গ অ্যান্ড
 সেভেন পয়েন্ট টু ফাইভ?’— খোকার নাম কী?
 সংখ্যাবাচক এই শব্দগুলির মধ্য দিয়ে সে কার কাছে কী
 জানতে চেয়েছিল?
- ঝঃ) ‘তিনি আমাদের সঙ্গে লইয়া কেল্লার মধ্যে তাঁহার সরকারী
 কোয়ার্টারে আনিয়া তুলিলেন’— কার কথা বলা হয়েছে?
 কোন্ সরকারী পদে কাজ করতেন তিনি? ঐ কেল্লাটির
 সঙ্গে কোন্ ঐতিহাসিক পুরুষের নাম জড়িয়ে আছে?

- ট) ‘এক যে ছিল শিয়াল,
তার বাপ দিয়েছিল দেয়াল;’
— পরের পংক্তিগুলি লেখো।
- ঠ) ‘এতবড় একটা নৃশংস হত্যাকারী যদি ধরা না পড়ে, তাহলে
সমাজের পক্ষে বিশেষ আশঙ্কার কথা’— বক্তা কে?
হত্যাকারী কেন এই নৃশংস হত্যাকাণ্ডটি ঘটিয়েছিল?
- ড) ‘তাই না শুনে উৎসাহে মেতে উঠল বুড়ো মদ’— বুড়ো
মদটি কে? কোন্ কথা শুনে সে উৎসাহিত হয়ে উঠেছিল?
- ঢ) ‘তিয়া মুখো গিরগিটি মনে ভারী শক্তা’— তিয়া মুখো
গিরগিটি তৈরি হয়েছিল কীভাবে? কোন্ শক্তা জেগেছিল
তার মনে?
- ণ) ‘এইবারে বলি তাই, রোগী চাই জ্যাত’— কার প্রতি কে
এই নির্দেশ দিয়েছে? ‘এইবারে’ কথাটি প্রয়োগের কারণ
কী?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) ‘পদিপিসির বর্মিবাঙ্গ’ গল্পে পদিপিসির ব্যক্তিত্বের যে চিত্র
ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- খ) পুরাণের গুরুগঙ্গার আখ্যান উপেন্দ্রকিশোরের হাতে সরল
গল্পকথার রূপ ধারণ করেছে— পাঠ্য যে কোনো একটি
রচনার আলোকে মন্তব্যটি বিচার করো।
- গ) ‘অতুল কীর্তি রাখল ভবে চণ্ণীদাসের খুড়ো’— খুড়োর
অতুল কীর্তির পরিচয় দাও।
- ঘ) একুশে আইনে বিভিন্ন অপরাধের যেসব শাস্তির নিদান
আছে সেগুলি উল্লেখ করো।
- ঙ) ‘সাত ভাই চম্পা’ গল্পে রূপকথার যে বৈশিষ্ট্যগুলি ফুটে
উঠেছে সেগুলি উল্লেখ করো।
- চ) ‘বুকে আমার সিংহের সাহস’— পাঁচুমামার সাহসের যে
নমুনা পদিপিসির বর্মিবাঙ্গ আখ্যানে রয়েছে তা সংক্ষেপে
বিবৃত করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) রক্তমুখী নীলা সম্পর্কে মানুষের মনে রয়েছে যে কুসংস্কার
লোকবিশ্বাস, তাকে কেন্দ্রে রেখেই গড়ে উঠেছে ‘রক্তমুখী
নীলা’ গল্পের কাহিনি বৃত্ত— আলোচনা করো।
- খ) আংটি, ঘড়ি, মশলার কৌটো, দাঢ়ি-গোঁফ— এইসব
ছেটখাটো বিষয় ‘অন্ধরা থিয়েটারের মামলা’ গল্পে
ফেলুদাকে কীভাবে কখনো বিভ্রান্ত করেছে, কখনো রহস্য
উদঘাটনে সাহায্য করেছে তা আলোচনা করো। ‘আংটি
চুরিটা অবশ্য স্বেফ ভাঁওতা’— গল্পের শেষ ভাগে ফেলুদার
এই কথা বলার কি কোনো যৌক্তিকতা ছিল?
- গ) ‘শিয়াল পশ্চিত’ গল্পটির কথা বস্তুর পরিচয় দিয়ে এটিকে
লোককথার কোন্ শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যায় সে
বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।
- ঘ) ‘ইন্দ্র হওয়ার সুখ’ রচনায় উপেন্দ্রকিশোর সুখ নয়, ইন্দ্র
হওয়ার বেদনার কথাই বেশি করে বলেছেন— তিনটি
প্রসঙ্গ উল্লেখের মধ্য দিয়ে মন্তব্যটি বিচার করো।
-